

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(প্রশাসন অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.২১১.১৮.০৬৫.১৭ (অংশ-২).৩৯৮


তারিখ: ২৮.০৭.২০২০ খ্রি.

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় মহামারী/আপদকাল মোকাবেলায় গৃহিত বিশেষ পদক্ষেপসমূহ প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত মার্চ ২০২০ হতে অদ্যাবধি চলমান কোভিড-১৯ অতিমারী/মহামারী কালে জনপ্রশাসনে সেবা প্রদান প্রক্রিয়ায় ব্যাপক পরিবর্তন এসেছে। সরকারি দপ্তর সমূহ নানাবিধ কর্মসূচি তথা বিশেষ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এই অতিমারী মোকাবেলায় কার্যকরী ভূমিকা পালন করেছে। এরই ধারাবাহিকতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় মহামারী/আপদকাল মোকাবেলায় বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে। এসব পদক্ষেপসমূহ মন্ত্রণালয়ের কর্মপরিবেশ এর মান উন্নয়ন ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে অবদান রেখেছে যা নিম্নরূপ:

- ১। যথাযথভাবে স্বাস্থ্যবিধি ও সামাজিক দুরত্ব অনুসরণ করে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনাসহ মন্ত্রণালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা। “নো মাস্ক, নো সার্ভিস” শ্লোগান অনুসরণ করে সেবা প্রদানে সতর্কতা অবলম্বন করা।
- ২। মন্ত্রণালয়ের সকল ওয়াশরুম নিয়মিত স্যানিটাইজ করা ও কমন ওয়াশরুমসমূহে হ্যান্ডওয়াশ সরবরাহ অব্যাহত রাখা।
- ৩। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারির জন্য ইনোভেশন টিম এর পক্ষ হতে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার প্রদানের ব্যবস্থা করা। মন্ত্রণালয়ের সকল কক্ষ নিয়মিতভাবে স্যানিটাইজ করা এবং তা অব্যাহত রাখা।
- ৪। যে কোন কর্মকর্তা কোভিড-১৯ আক্রান্ত হলে তার সার্বক্ষণিক তদারকি করার জন্য মন্ত্রণালয়ে ফোকাল পয়েন্ট টিম গঠন ও নির্দিষ্ট কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা।
- ৫। মন্ত্রণালয়ের জাতীয় দুর্যোগ সমন্বয় সাড়াদান কেন্দ্র হতে ত্রাণ বিতরণ কার্যক্রম এর প্রাত্যহিক ও হালনাগাদ প্রতিবেদন প্রকাশ করা।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে মহামারী/আপদকাল মোকাবেলায় গৃহিত বিশেষ পদক্ষেপসমূহের রূপরেখা প্রকাশ করা হলো।


উপসচিব (প্রশাসন)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৯৫৪০৫৪২

ই-মেইল: dsadmin@modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.২১১.১৮.০৬৫.১৭(অংশ-২).৩৯৮

তারিখ: ২৮.০৭.২০২০ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চীফ ইনোভেশন অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

২। উপসচিব (আইন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপসমূহ:

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সকল মন্ত্রণালয়ের উদ্ভাবন বিষয়ক কার্যক্রমের একটি বার্ষিক দলিল। এতে একটি মন্ত্রণালয়ের সেবা প্রদান ব্যবস্থার ইতিবাচক পরিবর্তন আনয়নের প্রচেষ্টা। মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে বাস্তবায়নের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বিগত মার্চ ২০২০ হতে অদ্যাবধি চলমান কোভিড-১৯ অতিমারী/মহামারী কালে জনপ্রশাসনে সেবা প্রদান প্রক্রিয়ায় ব্যাপক পরিবর্তন এসেছে। এই পরিবর্তনে অতিমারী মোকাবেলায় বিশেষ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সরকারি দপ্তর সমূহে মহামারী মোকাবেলায় কার্যকরী হিসেবে প্রতীয়মান হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় চলমান অতিমারী মোকাবেলায় বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে। এসব পদক্ষেপসমূহ মন্ত্রণালয়ের কর্মপরিবেশ ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে অবদান রেখেছে।

- ১। যথাযথভাবে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব অনুসরণ করে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল কার্যক্রম বাস্তবায়ন করা।
- ২। মন্ত্রণালয়ের সকল ওয়াশরুম নিয়মিত স্যানিটাইজ করা ও কমন ওয়াশরুমসমূহে হ্যান্ডওয়াশ সরবরাহ অব্যাহত রাখা।
- ৩। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার জন্য ইনোভেশন টিম এর পক্ষ হতে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার প্রদানের ব্যবস্থা করা।
- ৪। মন্ত্রণালয়ের সকল কক্ষ নিয়মিতভাবে স্যানিটাইজ করা এবং তা অব্যাহত রাখা।
- ৫। যে কোন কর্মকর্তা কোভিড-১৯ আক্রান্ত হলে তার সার্বক্ষণিক তদারকি করার জন্য মন্ত্রণালয়ে ফোকাল পয়েন্ট টিম নিয়োগ প্রদান করা।
- ৬। মন্ত্রণালয়ের জাতীয় দুর্যোগ সমন্বয় সাদাদান কেন্দ্র হতে ত্রাণ বিতরণ কার্যক্রম এর হালনাগাদ প্রতিবেদন প্রকাশ করা।


(মুনিরা সুলতানা)
উপসচিব (আইন)

ও সদস্য, ইনোভেশন টিম
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়